

চাপঘাট রহিমপুর সুন্নী দাখিল মাদ্রাসা

ডাক-শরীফগঞ্জ, উপজেলা-জকিগঞ্জ, সিলেট

EIIN Number: 134049

স্মারক নং-০৫.৪৬.৯১৯৪.০০০.০৬.০০১.১৬. ২০৮৮

তারিখ: ২৫ অগ্রহায়ন ১৪৩০
১০ ডিসেম্বর ২০২৩

বিষয়ঃ সাময়িক বরখাস্ত।

সূত্র: চাপঘাট রহিমপুর সুন্নী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির ০৯/১২/২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক ২৮/০৬/২০২২ তারিখের বামাশিবো/প্রশা/সিলেট-১৩৬/১০৯ নং স্মারকমূলে প্রেরিত অভিযোগসমূহ সরেজমিন তদন্তক্রমে সঠিক মর্মে প্রমানিত হওয়ায় তদন্ত প্রতিবেদনটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ০২/১১/২০২২ তারিখের ০৫.৪৬.৯১৯৪.৯৯৯.০৬.০০১.১৬-৬৪৮ নম্বর স্মারকমূলে উপ-রেজিস্ট্রার (প্রশাসন), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা বরাবর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে।

যেহেতু তিনি চাপঘাট রহিমপুর সুন্নী দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট এবং যেহেতু তাঁর বিরুদ্ধে অর্থ আত্মসাৎ, নিয়োগ বাণিজ্য, দুর্নীতিসহ একাধিক অভিযোগ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে তদন্তাধীন থাকার প্রেক্ষিতে (মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মকর্তাগণ কর্তৃক দাখিলকৃত তদন্ত রিপোর্ট মোতাবেক তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমানিত) তাঁকে চাপঘাট রহিমপুর সুন্নী দাখিল মাদ্রাসার সুপার পদ হতে সাময়িক বরখাস্ত করার জন্য মাদ্রাসা ম্যানেজিং কমিটির ০৯/১২/২০২৩ খ্রি. তারিখের সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়েছে সেহেতু বেসরকারি মাদ্রাসা শিক্ষকগণের চাকরি শর্ত বিধিমালা ১৯৭৯ এর সংশ্লিষ্ট ধারা মোতাবেক চাপঘাট রহিমপুর সুন্নী দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট এর পদ হতে তাঁকে অদ্য ১০/১২/২০২৩ খ্রি. তারিখ থেকে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত কালীন সময়ে বিধি মোতাবেক তিনি বেতনের অর্ধেক খোরাকি ভাতা হিসেবে পাবেন। সাময়িক বরখাস্তকারী কর্তৃপক্ষের বিনা অনুমতিতে তিনি কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।

তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়ে অত্র মাদ্রাসার সহকারী সুপারিনটেনডেন্ট জনাব মোঃ কুতুব উদ্দিন ভারপ্রাপ্ত সুপার হিসেবে দায়িত্ব পালন করবেন।

জনাব মোহাম্মদ মাহুক আহমদ
ইনডেক্স: M0008836
সুপারিনটেনডেন্ট (সাময়িক বরখাস্তকৃত)
চাপঘাট রহিমপুর সুন্নী দাখিল মাদ্রাসা
ডাক-শরীফগঞ্জ
উপজেলা-জকিগঞ্জ, সিলেট


এ.কে.এম. ফরুক
উপজেলা নির্বাহী অফিসার
জকিগঞ্জ, সিলেট
ও
সভাপতি
চাপঘাট রহিমপুর সুন্নী দাখিল মাদ্রাসা
জকিগঞ্জ, সিলেট
মোবাইল নম্বর: ০১৭৩০৩৩১০৪০

স্মারক নং-০৫.৪৬.৯১৯৪.০০০.০৬.০০১.১৬. ২০৮৮/১(০৮)

তারিখ: ২৫ অগ্রহায়ন ১৪৩০
১০ ডিসেম্বর ২০২৩

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

০২। জেলা প্রশাসক, সিলেট

০৩। উপ-রেজিস্ট্রার (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

০৪। জনাব মোঃ কুতুব উদ্দিন, সহকারী সুপারিনটেনডেন্ট, চাপঘাট রহিমপুর সুন্নী দাখিল মাদ্রাসা, জকিগঞ্জ, সিলেট

০৫। জনাব, শিক্ষক প্রতিনিধি/অভিভাবক সদস্য, এডহক কমিটি

চাপঘাট রহিমপুর সুন্নী দাখিল মাদ্রাসা, জকিগঞ্জ, সিলেট

